# পূর্ব বর্ধমান জিলা পরিষদ

## বাস্তুকার বিভাগ

## কোর্ট কম্পাউন্ড, পো:-বর্ধমান

## জেলা-পূর্ব বর্ধমান, পিন-৭১৩১০১

স্মারক সংখ্যা :- ২৮৫ /ডি.ই./মার্কেট কমপ্লেক্স (কুসুমগ্রাম) তারিখ :- ২৫/০২/১৯

**বিষয়:- কুসুমগ্রামে জেলা পরিষদের অধীন ব্যবসায়িক কেন্দ্রের তিন তলার ফাঁকা স্থান (সমগ্র) ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর খামের মাধ্যমে)**

**(চতুর্থ দফা)**

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, বর্ধমান জিলা পরিষদের অধীন মন্তেশ্বর ব্লকের অন্তর্গত কুসুমগ্রাম মার্কেট কমপ্লেক্স তৃতীয় তলার ফাঁকা স্থানের বিলি বন্দোবস্তের জন্য সিল মোহর করা খামে **মাসিক হারে ভাড়ার** দরপত্র আহ্বান করা হইতেছে। দরপত্র শেষ দিনের আগেও যে কোন দিন অফিস চলা কালীন সময়ে জমা করা যাইবে।

ইচ্ছুক ব্যক্তি বা সংস্থাকে দরপত্র জমা দিবার পূর্বে সমগ্র অংশের মাপ, পারিপার্শ্বিক অবস্থান, যাতায়াতের সিঁড়ি ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না ।

১. সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি হইতে পরিচিতি (নাম, পিতা সহ সম্পূর্ণ ঠিকানা, থানার নাম ইত্যাদি)।

২ ভোট দেবার পরিচয় পত্রের বা আধারের নকল (স্ব-প্রত্যয়িত)।

৩ নির্দিষ্ট বায়না জমার অর্থ (Earnest Money), যা ফেরতযোগ্য, জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ **(District Engineer , Purba Bardhaman Zilla Parishad, Payable at Bardhaman)**-এর অনুকূলে,**বর্ধমানস্থিত কোনও সিডিউল ব্যাঙ্ক এর ব্যাঙ্ক ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কারস চেক মাধ্যমে দিতে হইবে।** বায়না জমা (আরনেস্ট মানি) ব্যাতিত কোনও দরপত্র গ্রাহ্য হইবে না।সর্বোচ্চ সফল ডাক দাতাকারীর বায়না জমার অর্থ দেওয়া স্থানকে বানিজ্যিক রূপে চালনা করার পরেই ফেরতযোগ্য বিবেচিত হইবে।

সর্বোচ্চ সফল ডাক দাতাকে কার্যাদেশ দেওয়ার পর ৭ (সাত) দিনের মধ্যে চুক্তিপত্র স্বাক্ষর করিতে হইবে এবং জিলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ৭ দিনের মধ্যে কবুলিয়ত পত্র ২ (দুই) জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও স্বাক্ষর সহ জমা দিতে হইবে, অন্যথায় তাহার বায়না জমা বাজেয়াপ্ত করিয়া ইজারা অনুমোদন বাতিল বলিয়া গন্য হইবে।

পূর্ব বর্ধমান জিলা পরিষদের নির্ধারিত দিনেই স্থান হস্তান্তর করা হইবে এবং হস্তান্তরিত হওয়ার দিন হইতেই মাসিক ভিত্তিতে প্রদেয় ভাড়া প্রযোজ্য হইবে।

**দরপত্র জমা দিবার স্থান:-** নিম্ন স্বাক্ষরকারীর অফিস (রাখা নির্দিষ্ট বাক্সে)।

**দরপত্র জমা দেওয়ার শেষ সময় ও তারিখ :-** ২৬/০২/২০১৯ (মঙ্গলবার), ৪:০০ ঘটিকার মধ্যে।

**দরপত্র খোলার সময় ও তারিখ:-** (দরপত্র দাখিলকারিদের উপস্থিতি) ২৬/০২/২০১৯ (মঙ্গলবার), ৪.৩০ ঘটিকার পর নিম্ন স্বাক্ষরকারীর অফিসে।

**ফাঁকা স্থানের বিশদ বিবরন নিম্নরূপ-**

**বিশদ বিবরণ**

| মার্কেট কমপ্লেক্স | দোকান ঘরের অবস্থান, নাম্বার ও সংখ্যা | আনুমানিক মাপ (কম বেশী) | ফেরতযোগ্য জমিন জমা টাকার সর্বনিম্ন পরিমান (টাকা) | মাসিক ভিত্তিতে প্রদেয় লাইসেন্স ফি (টাকা) |
|---|---|---|---|---|
| কুসুমগ্রাম মার্কেট কমপ্লেক্স | তৃতীয় তলের সমগ্র ফাঁকা অংশ | ২,০০০ বর্গফুট (কমবেশী) | ১,০০,০০০/- | ১০ টাকা প্রতি বর্গফুট প্রতি মাসে |

যদি কোনও ব্যক্তি/সংস্থা পূর্ব বর্ধমান জিলা পরিষদের প্রাপ্য অর্থ ইতিপূর্বে পরিশোধ না করিয়া বা বেনামী করিয়া অত্র ডাকে অংশগ্রহণ করিয়াছেন বলিয়া প্রমান হয় তাহলে উক্ত দরপত্র বাতিল হইবে। ব্যাবসায়িক স্থানের জন্য চুক্তি অনুযায়ী প্রতিমাসে প্রদেয় ভাড়া নির্দিষ্ট সময়ে জমা দিতে হইবে। ইহা ছাড়া বিদ্যুৎ ব্যয়, পঞ্চায়েত ইতাদির প্রযোজ্য কর ও অন্যান্য আনুসাঙ্গিক খরচ ব্যবহারকারীগণকে নিজ ব্যয়ে মিটাইতে হইবে। পরিবেশ দূষনকারী / দাহ্য পদার্থ /বিল্ডিং ক্ষতিকারক বস্তু-সামগ্রী উক্ত ব্যাবসায়িক কেন্দ্রের মধ্যে ক্রয়/বিক্রয় করা যাইবে না।

ব্যাবসায়িক স্থান এককালিন ৫ (পাঁচ) বৎসরের মেয়াদী ভাড়ায় দেওয়া হইবে। উক্ত মেয়াদ অন্তে প্রদত্ত ভাড়ার চুক্তি প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর জিলা পরিষদের নিয়ম ও শর্তে সার্বাধিক ১৫ (পনের) বৎসর অবধি নবীকরণ করা যাইবে। জিলা পরিষদের অনুমোদন ব্যতিরেকে অন্য কোনও সংস্থা বা ব্যক্তিকে দেওয়া জায়গা হস্তান্তর করা যাইবে না। ভূমি অধিগ্রহন দপ্তরের মাধ্যমে সময়ে সময়ে সংশোধিত দেওয়া নির্ধারিত রেটে পরবর্তীকালে ভাড়া দিতে হইবে। যদি এখন প্রাপ্ত সর্বোচ্চ দর জিলা পরিষদের দেওয়া দরের থেকে বেশী হয়, তবে সময়ে সময়ে সংশোধিত সরকারী ভাড়ার চুক্তিকৃত ভাড়া বৃদ্ধি হইবে এবং সেই হারে পরবর্তীকালে মাসিক ভাড়া প্রদান করিতে হইবে।

আগ্রহী ব্যক্তি/সংস্থা জেলা বাস্তুকার অফিস হইতেও নির্দিষ্ট তারিখ ও সময়ের পূর্বে প্রয়োজনীয় তথ্য জ্ঞাত ও সংগ্রহ করিতে পারিবেন। জিলা পরিষদ নির্ধারিত দরের নিম্নে দেওয়া কোনও দর অনুমোদিত হইবে না।

অত্র বিজ্ঞপ্তির কোনও সংশোধন /সংযোজন কেবলমাত্র পূর্ব বর্ধমান জিলা পরিষদ অফিস নোটিশ বোর্ড /ওয়েবসাইট এ দেওয়া হবে। সর্বোচ্চ ডাক জিলা পরিষদের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে গ্রহন করা হইবে। প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ কোনও কারণ না দর্শাইয়া এই বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত সর্বোচ্চ ডাকের যে কোনও টি অথবা সমস্ত দরপত্রগুলি বাতিল করিবার বা অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

১৫/০২/২০১৯

জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

**স্মারক সংখ্যা-** ১৮৫ /ডি.ই./মার্কেট কমপ্লেক্স (কুসুমগ্রাম) **তারিখ-** ২৫/০২/২১

## কুসুমগ্রামে জিলা পরিষদের অধীন ব্যবসায়িক কেন্দ্রের তিন তলার ফাঁকা স্থান (সমগ্র) ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর খামের মাধ্যমে)

## (চতুর্থ দফা)

### নিয়ম ও শর্ত :-

১. সমবায় সহ সর্বক্ষেত্রেই দরপত্রে অংশগ্রহন করিবার সময় জামিন জমার টাকা পূর্ব বর্ধমান জিলা পরিষদের পক্ষে ব্যাঙ্ক ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কার্স চেক আবেদন পত্রের সঙ্গে সীল করা খামে জমা দিতে হইবে,অন্যথায় দরপত্র গ্রাহ্য হইবে না।

২. যে সমস্ত বক্তি বা প্রতিষ্ঠান জিলা পরিষদে দেয় টাকা ইতিপূর্বে পরিশোধ করেন নাই বা বেনামী করিয়া অন্য স্থানে নিলাম ডাকে অংশগ্রহণ করেন বলিয়া প্রমান হয় তাহাদিগকে ডাকে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না।

৩. বানিজ্যিক ভাবে দেওয়া জায়গা ব্যবহারের জন্য প্রতিমাসে প্রদেয় ভাড়া চুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট অফিসে জমা দিতে হইবে। ঘরগুলির জন্য প্রতিমাসে প্রদেয় লাইসেন্স ফি চুক্তি অনুযায়ী জমা দিতে হইবে। তাহা ছাড়া বিদ্যুৎ ব্যয়, পঞ্চায়েত কর ও অন্যান্য আনুসাঙ্গিক ব্যায় তাঁহাদিগকে নিজ ব্যায়ে মিটাইতে হইবে।

৪. সর্বোচ্চ ডাক জিলা পরিষদের চুড়ান্ত অনুমোদন সাপেক্ষে গ্রহন করা হইবে। প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারন না দর্শাইয়া এই বিজ্ঞপ্তির উত্তরে প্রাপ্ত সর্বোচ্চ ডাকের যে কোনটি অথবা সমস্ত দরপত্রগুলি বাতিল করিবার বা অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

৫. ব্যাবসায়িক স্থান এককালিন ৫ (পাঁচ) বৎসরের মেয়াদী ভাড়ায় দেওয়া হইবে। উক্ত মেয়াদ অন্তে প্রদত্ত ভাড়ার চুক্তি প্রতি ৫ (পাঁচ) বৎসর অন্তর জিলা পরিষদের নিয়ম ও শর্তে সার্বাধিক ১৫ (পনের) বৎসর অবধি নবীকরণ করা যাইবে। জিলা পরিষদের অনুমোদন ব্যতিরেকে অন্য কোনও সংস্থা বা ব্যক্তিকে দেওয়া জায়গা স্থানান্তর করা যাইবে না।ভূমি অধিগ্রহন দপ্তরের মাধ্যমে সময়ে সময়ে সংশোধিত দেওয়া নির্ধারিত রেটে পরবর্তীকালে ভাড়া দিতে হইবে।

৬. দরপত্রে অংশগ্রহণকারীগনকে অনুরোধ করা যাইতেছে যে, দর দিবার পূর্বে জায়গার অবস্থান, ঘরের মাপ, সুযোগ সুবিধা, লাইসেন্স ফি প্রদানের নিয়ম ও শর্ত ইত্যাদি দেখিয়া এবং উপরোক্ত বিষয়সমূহ সম্যকভাবে বুঝিয়া তবেই ডাকে অংশগ্রহণ করিবেন, পরে এই বিষয়ে কোন ওজর, আপত্তি ইত্যাদি গ্রাহ্য হইবে না।

৭. পরিবেশ দুষনকারী / উত্তেজক পানীয় ইত্যাদি কোন দোকানে বিক্রয় করা যাইবে না।

৮. জিলা পরিষদ নির্ধারিত ভাড়ার নীচে দেওয়া কোন দর গৃহীত হইবে না।

৯. একই অঙ্কে একাধিক ব্যক্তি/সংস্থা দরপত্র দাখিল করিলে লটারির মাধ্যমে চুড়ান্ত নিস্পত্তি হইবে।

১০. জামীন জমা বাবদ বায়না জমার অর্থ জমা থাকিবে। কার্যাদেশ দেওয়ার সার্বাধিক দুই মাসের মধ্যে দেওয়া স্থান বিনিজ্যিক ভাবে ব্যবহার শুরু হওয়ার পর জামিন জমার অর্থ ফেরত দেওয়া হবে। হস্তান্তরের দুই মাসের মধ্যে বিনিজ্যিক ভাবে ব্যবহার শুরু না করিলে জামিন জমা বাবদ রাখা অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং চুক্তিপত্র বাতিল বলে গণ্য হইবে।

১১. জিলা পরিষদের অনুমোদন সাপেক্ষে দেওয়া স্থান নিজ ব্যয়ে বানিজ্যিক হিসাবে ব্যবহারযোগ্য করিতে হইবে এবং অনুমোদিত দরে ভাড়া দিতে বাধ্য থাকিবে।

১২. জিলা পরিষদের প্রচলিত পদ্ধতিতে চুক্তিপত্র স্বাক্ষর করিতে হবে।

১৩. কার্যাদেশ দেওয়ার দুই মাসের মধ্যে দেওয়া স্থান নিজ ব্যয়ে বানিজ্যিক ভাবে ব্যবহার যোগ্য করিতে হইবে এবং উক্ত দিন হইতেই ভাড়া দিতে বাধ্য থাকিবে।

স্বাঃ/- ২৫/০২/২০২১
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

**স্মারক সংখ্যা-** ১৮৫/১ **তারিখ-** ২৫/০২/২১

উপ সচিব/ডি.আই.এ., পূর্ব বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েবসাইট **http://www.burdwanzp.org**-তে সম্প্রচারের জন্য প্রেরিত হল।

স্বাঃ/- ২৫/০২/২০২১
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

**স্মারক সংখ্যা-** ১৮৫/১/৭০ **তারিখ-** ২৫/০২/২১

প্রতিলিপি মাননীয় সভাধিপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সহকারী-সভাধিপতি, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/কর্মাধ্যক্ষ্য, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/মহকুমা শাসক, পূর্ব বর্ধমান (সকল)/সভাপতি, পঞ্চায়েত সমিতি (সকল)/নির্বাহী আধিকারিক, পঞ্চায়েত সমিতি (সকল)/প্রধান, কুসুমগ্রাম গ্রাম পঞ্চায়েত/নির্বাহী বাস্তুকার, পশ্চিমবঙ্গ গ্রামীণ উন্নয়ন সংস্থা, বর্ধমান-১ ও ২ বিভাগ/সহ বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/অবর সহ বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/জিলা পরিষদের নোটীশ বোর্ড বহুল প্রচারের জন্য প্রেরিত হল।

স্বাঃ/- ২৫/০২/২০২১
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ